

💵 কুরআন ও হাদীছের আলোকে হজ্জ, উমরাহ ও মদীনা যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

ফিদয়ার ব্যাপারে নিষিদ্ধ কাজসমূহের প্রকরণ

ফিদয়ার ক্ষেত্রে ইহরামের নিষিদ্ধ কাজসমূহ চার ভাগে বিভক্ত:

- ১. এমন নিষিদ্ধ কাজ যা করে ফেললে তাতে কোন ফিদয়া ওয়াজিব হবে না। আর তা হল নিজে বিবাহ করা কিংবা অপরের বিবাহের ওলী (অভিভাবক) বা উকীল হয়ে বিবাহ করানো।
- ২. এমন নিষিদ্ধ কাজ যার ফিদয়া হচ্ছে উঁটের কুরবানী করা। আর তা হাজ্জের অবস্থায় প্রাথমিক হালাল হওয়ার পূর্বে সহবাসের কারণে ওয়াজিব হয়।
- ৩. এমন নিষিদ্ধ কাজ যার ফিদয়া হচ্ছে তার বিনিময় বা বিনিময়ের মূল্য। আর তা হলো, ইহরাম অবস্থায় শিকার করা।
- 8. এমন নিষিদ্ধ কাজ যার ফিদয়া হচ্ছে সিয়াম পালন করা বা মিসকীনকে সাদকাহ করা কিংবা কুরবানী করা। যেমন উপরে মাথামুণ্ডনের ফিদয়ার বিষয়ে বর্ণনা করা হয়েছে। আর আলিমগণ উপরোক্ত তিনটি নিষিদ্ধ কাজ ছাড়া অন্যান্য নিষিদ্ধ কাজগুলিকে মাথামুণ্ডনের ফিদয়ার উপর কিয়াস করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9401

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন